## এইচএসসি পরীক্ষা ২০২১
## অ্যাসাইনমেন্ট প্রস্তুতের সাধারণ নির্দেশনা

১. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রতি সপ্তাহে ২টি করে ১৫ সপ্তাহে গ্রুপভিত্তিক নৈর্বাচনিক ৩টি বিষয়ে ১০টি করে মোট ৩০টি অ্যাসাইনমেন্ট প্রণয়ন করতে হবে। আবশ্যিক ও ঐচ্ছিক (৪র্থ) বিষয়ে কোনো অ্যাসাইনমেন্ট প্রস্তুত করতে হবে না।

২. প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dshe.gov.bd) বা ঢাকা কমার্স কলেজের ওয়েবসাইট (www.dcc.edu.bd) বা শ্রেণি ফেইসবুক গ্রুপ (Dhaka Commerce College HSC Session: 2019-20) থেকে সংগ্রহ করতে হবে।

৩. শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত কভার পৃষ্ঠা অ্যাসাইনমেন্টের উপরে সংযোজন করতে হবে। কভার পৃষ্ঠা কালার প্রিন্ট/হাতে লেখা/আলপনাযুক্ত করা যাবে না। কভারের PDF কপি ওয়েবসাইট বা ফেইসবুক গ্রুপ থেকে প্রিন্ট করে নিতে হবে।

৪. অ্যাসাইনমেন্টের কভার পৃষ্ঠার উপরে ডান কোণে পেন্সিল দিয়ে ইংরেজিতে শ্রেণি রোল নম্বর লিখতে হবে। (কলেজে উত্তরপত্র মূল্যায়নে রোল নম্বর প্রয়োজন হবে এবং উত্তরপত্র বোর্ডে প্রেরণকালে রোল নম্বর মুছে দেয়া হবে।)

৫. কভার পৃষ্ঠার উপরের অংশ ইংরেজিতে ক্যাপিটাল লেটারে নির্ভুলভাবে পূরণ করতে হবে।

৬. নির্ধারিত অংশ ব্যতীত কভার পৃষ্ঠার অন্য কোনো স্থানে বা অপর পৃষ্ঠায় কোনো কিছু লেখা যাবে না।

৭. অ্যাসাইনমেন্ট সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত কলেজের সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে সরাসরি জমা দেয়া যাবে।

৮. শিক্ষার্থী নিজে/অভিভাবক/দায়িত্বশীল প্রতিনিধির মাধ্যমে সরাসরি অ্যাসাইনমেন্ট জমা দিতে পারবে। রেজিস্ট্রি ডাকে বা কুরিয়ার সার্ভিসে অ্যাসাইনমেন্ট প্রেরণ করা যাবে। সেক্ষেত্রে খামের উপর নিম্নোক্ত বিষয় লিখতে হবে:

**খামের নমুনা**

| | |
|---|---|
| এইচএসসি পরীক্ষা ২০২১<br>১. পদার্থবিজ্ঞান অ্যাসাইনমেন্ট নং-১ ও ২<br>২. রসায়ন অ্যাসাইনমেন্ট নং-১<br>৩. হিসাববিজ্ঞান অ্যাসাইনমেন্ট নং-২ | বরাবর<br>অধ্যক্ষ |
| প্রেরক,<br>নাম ও ঠিকানা.......................................................<br>........................................................................ | ঢাকা কমার্স কলেজ<br>ঢাকা ১২১৬। |

১০. ডাকযোগে জমাদানের ক্ষেত্রে একইখামে একাধিক বিষয়ের অ্যাসাইনমেন্ট প্রেরণ করা যাবে।

১১. সরাসরি জমাদানের ক্ষেত্রে খামে দেয়ার প্রয়োজন নেই।

১২. গণপরিবহন বন্ধ থাকলে সরাসরি কলেজে অ্যাসাইনমেন্ট জমা দেয়ার প্রয়োজন নেই। গণপরিবহন চালু হলে ৩ দিনের মধ্যে পূর্বের অ্যাসাইনমেন্ট সরাসরি কলেজে জমা দিতে হবে।

১৩. প্রদত্ত উত্তরে প্রয়োজনীয় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।

১৪. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে।

১৫. অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীর নিজের হাতে লিখতে হবে। টাইপ/কম্পোজকৃত অ্যাসাইনমেন্ট বাতিল বলে গণ্য হবে।

১৬. অ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে 'A-4' সাইজের সাদা কাগজ ব্যবহার করতে হবে।

১৭. কাগজের এক পৃষ্ঠায় লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়) এবং উপরে ডান কোণে পৃষ্ঠা নম্বর লিখতে হবে।

১৮. সকল লেখা কালো কালির বলপয়েন্ট পেন দ্বারা লিখতে হবে। প্রশ্নন্বর ও মূল্যায়ন নির্দেশক (রুব্রিক্স) নীল কালির বলপয়েন্ট পেন দ্বারা লেখা যাবে। কোনো সাইনপেন, মার্কার ও ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১৯. কাগজের উপরে ও বামে পেন্সিল দিয়ে ১ ইঞ্চি পরিমাণ মার্জিন দিতে হবে।

২০. একই অ্যাসাইনমেন্টের বিভিন্ন অংশের উত্তর রুব্রিক্স অনুযায়ী ধারাবাহিক লিখতে হবে। রুব্রিক্স বা মূল্যায়ন নির্দেশনা বারবার পড়তে হবে।

২১. লেখা স্পষ্ট, পরিচ্ছন্ন ও কাটাকাটিমুক্ত হতে হবে। বানান অবশ্যই সঠিক হতে হবে। প্রাঞ্জল বাক্য গঠনে সচেষ্ট হতে হবে।

২২. বিভিন্ন অ্যাসাইনমেন্টের নির্দেশক সংখ্যা ও মান ভিন্ন হতে পারে। বিষয়টি শিক্ষার্থীকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে।

২৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে।

২৪. অ্যাসাইনমেন্টের বিষয়ের প্রকৃতি, চাহিদা, পরিসর, ধাপ, চিন্তার ব্যাপকতা এবং শিক্ষার্থীর লেখার মধ্যে সৃজনশীলতা, মৌলিক বিষয় ইত্যাদি যথাযথভাবে মূল্যায়নের জন্য প্রতিটি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য ভিন্ন ভিন্ন রুব্রিক্স সংযোজন করা হয়েছে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে লক্ষ্য রাখতে হবে।

২৫. মুখস্থ করে বা হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখে অ্যাসাইনমেন্ট তৈরি না করে পাঠ্যপুস্তকের অর্জিত জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে শিক্ষার্থীর চিন্তা-ভাবনা, কল্পনাশক্তি, অনুধাবন ক্ষমতা, উদ্ভাবনী ক্ষমতা, সৃজনশীলতা ও নান্দনিক উপায়ে প্রকাশ ও উপস্থাপন করার দক্ষতাই মূল্যায়নের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

২৬. কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করতে পারবে না। এ বিষয়টি প্রমাণিত হলে তার অ্যাসাইনমেন্ট বাতিল করা হবে।

২৭. মানসম্মত অ্যাসাইনমেন্ট প্রণয়ন না হলে মূল্যায়নকারী শিক্ষকের নির্দেশে অগ্রগতির প্রয়োজনে শিক্ষার্থীকে পুনরায় অ্যাসাইনমেন্ট প্রণয়ন করতে হবে।

২৮. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রস্তুত ও জমাদান বাধ্যতামূলক এবং এর মূল্যায়নকৃত নম্বর এইচএসসি পরীক্ষা ২০২১ এর সাথে যোগ হবে। তাই বিষয়টিকে বোর্ড পরীক্ষা হিসেবে অতিগুরুত্ব দিতে হবে।

২৯. সরাসরি জমাদান কিংবা ডাকে প্রেরণসহ অ্যাসাইনমেন্ট প্রস্তুত ও জমাদান সকলক্ষেত্রে শিক্ষার্থীকে মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার ও সাথে সংরক্ষণসহ কোভিড-১৯ জনিত সরকারঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩০. বিষয়ভিত্তিক অ্যাসাইনমেন্ট বিভিন্ন বিভাগ/কক্ষে জমা নেয়া হবে এবং কলেজের নিচতলার নোটিশ বোর্ড থেকে বিভাগ/কক্ষ নম্বর দেখে নিতে হবে। ৩ ফুট দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

৩১. অ্যাসাইনমেন্ট বিষয়ে কোনো সমস্যা হলে সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষকের থেকে পরামর্শ নেয়া যাবে। যে সপ্তাহে যে বিষয়ের অ্যাসাইনমেন্ট প্রণয়ন করতে হবে সে বিষয়ের শিক্ষক প্রত্যহ বিভাগে উপস্থিত থাকবেন।

৩২. বিষয়ভিত্তিক অ্যাসাইনমেন্ট প্রণয়ন বিষয়ে বিশেষ কোনো নির্দেশনা থাকলে সংশ্লিষ্ট বিভাগ থেকে কেবল শ্রেণি ফেইসবুক গ্রুপে প্রকাশ করা হবে।

৩৩. উপরিউক্ত সাধারণ নির্দেশনার ব্যাখ্যা এবং বিষয়ভিত্তিক বিশেষ নির্দেশনা প্রদানের উদ্দেশ্যে ১-৩ আগস্ট ২০২১ অ্যাসাইনমেন্ট প্রণয়ন বিষয়ে অনলাইন সভা অনুষ্ঠিত হবে। উক্ত বিষয়ভিত্তিক সভায় সকল শিক্ষার্থীর অংশগ্রহণ বাধ্যতামূলক।